শেখ হাসিনার উদ্যোগ

**বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-১**
**Bogura Palli Bidyut Samity-1**
**ছিলিমপুর, বগুড়া**

ISO 9001:2015 Certified

মুজিব শতবর্ষ

সদর দপ্তর, প্রশাসন/মানব সম্পদ বিভাগ, E-mail : bograpbs1@gmail.com, Web: pbs1.bogra.gov.bd, টেলিফোন-০২৫৮৮৮৭৭০৭৯

স্মারক নং-২৭.১২.১০২০.৫২৫.০২.০০৮.২০২৩. ৬৭৯৬ তারিখঃ ০৯ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
২৪ সেপ্টেম্বর ২০২৩ খ্রিঃ।

**বিষয়ঃ "দৈনিক মজুরী ভিত্তিতে নিরাপত্তা কর্মী (কাজ নাই মজুরী নাই) নিয়োগের লক্ষ্যে বিজ্ঞপ্তি"**

বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর আওতায় মোকামতলা জোনাল অফিসের অন্তর্গত শিবগঞ্জ-৩ সেমি ইনডোর উপকেন্দ্র এর নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে দৈনিক মজুরী ভিত্তিতে (কাজ নাই মজুরী নাই) "নিরাপত্তা কর্মী" নিয়োগ প্যানেল তৈরীর জন্য বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলার মোকামতলা ইউনিয়ন এর যোগ্যতা সম্পন্ন স্থায়ী বাসিন্দা পুরুষ নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে স্ব-হস্তে পূরণকৃত নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| পদের নাম ও সংখ্যা | বয়স সীমা | মজুরী | শিক্ষাগত প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| "নিরাপত্তা কর্মী" (দৈনিক মজুরী ভিত্তিতে) ০১ টি (পুরুষদের জন্য সংরক্ষিত) | ২৪/০৯/২০২৩ খ্রিঃ তারিখে বয়সসীমা ন্যূনতম ১৮ এবং অনুর্ধ্ব ৬৫ বছর। | পবিস সমূহে নিরাপত্তা কর্মীর কাজের অনুমতি সংক্রান্ত নীতিমালা অনুযায়ী দৈনিক মজুরী ৪,০০.০০ (চারশত) টাকা। | ক) শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম ৮ম শ্রেণী/ সমমান পাশ হতে হবে।<br>খ) প্রার্থীকে বাংলা ও ইংরেজি ভাষায় লেখা এবং পড়ার ন্যূনতম দক্ষতা থাকতে হবে।<br>গ) প্রার্থীকে অবশ্যই সৎ,বিশ্বস্ত, কর্মঠ ও উত্তম চরিত্রের অধিকারী হতে হবে।<br>ঘ) প্রার্থীকে সুন্দর শারীরিক গঠন ও সুঠাম দেহের অধিকারীসহ ব্যক্তিত্ব সম্পন্ন এবং শারীরিক সক্ষম হতে হবে। উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |

**শর্তাবলীঃ**

০১। **আবেদনপত্র পুরণ ও জমাদান :** আগ্রহী প্রার্থীগণকে বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ওয়েব সাইট (www. pbs1.bogra.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ-১১০-০০২ ভার্সন-০১) ডাউনলোড পূর্বক প্রয়োজনীয় তথ্যাদি স্ব-হস্তে যথাযথভাবে পুরণ করে আবেদনপত্র সহ চাহিত সকল কাগজাদি আগামী **০৮/১০/২০২৩ খ্রিঃ** তারিখের মধ্যে অফিস চলাকালীন বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-১ বরাবর ডাকযোগে, সরাসরি হাতে হাতে বা কুরিয়ার সার্ভিসে প্রেরণ করতে হবে। **বিলম্বে প্রাপ্য ও অসম্পূর্ণ আবেদনপত্র এবং অত্র পবিস'র ওয়েব সাইট ((www. pbs1.bogra.gov.bd) হতে ডাউনলোডকৃত নির্ধারিত ফরম ব্যতিত অন্য কোন ফরম বা সাদা কাগজে লিখিত আবেদন গ্রহণ করা হবে না।**

২। **আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজ পত্রাদি সংযুক্ত করতে হবে :**
নিরাপত্তা কর্মী হিসেবে অনুমতি লাভে আগ্রহী প্রার্থীগণকে শিক্ষাগত যোগ্যতার (মার্কশীট ও প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়) সনদপত্রের সত্যায়িত কপি, জাতীয় পরিচয়পত্র, স্থানীয় ইউনিয়ন পরিষদ/ পৌরসভা/সিটি কর্পোরেশন এর চেয়ারম্যান/মেয়র কর্তৃক প্রদত্ত চারিত্রিক ও নাগরিকত্ব সনদের কপি, সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি (০১ কপি আবেদন ফর্মের নির্ধারিত স্থানে ০১ কপি ছবি প্রবেশ পত্রের নির্ধারিত স্থানে আইকা/আঠা দিয়ে লাগাতে হবে এবং ০১ কপি স্ট্যাপলার পিন দ্বারা আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে)। ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার নাম ও পদবী সম্বলিত সীল দ্বারা সকল কাগজপত্র ও ছবি সত্যায়িত হতে হবে।

০৩। নির্বাচিত প্রার্থীকে দৈনিক মজুরী (কাজ নাই মজুরী নাই) ভিত্তিতে পবিস কর্তৃপক্ষ কর্তৃক নিরাপত্তা কর্মী হিসেবে কাজের অনুমতি প্রদান করা হবে এবং দৈনিক মজুরী হবে ৪০০/- (চারশত) টাকা, যা মাসিক ভিত্তিতে প্রদান করা হবে। তবে ভবিষ্যতে বাজারমূল্য বিবেচনায় বাপবিবোর্ডের যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে মজুরী হ্রাস/বৃদ্ধি হতে পারে। নিরাপত্তা কাজের অনুমতিপ্রাপ্ত প্রহরী দৈনিক রাত্রিকালীন ০৮ ঘণ্টা সময়কালের জন্য দায়িত্ব পালনে নিয়োজিত থাকবেন। নিয়োজিত থাকাকালীন অর্পিত দায়িত্ব ও কর্তব্য সমূহ যথাযথভাবে সম্পাদন করতে হবে।

০৪। যেদিন কর্মে নিয়োজিত থাকবে নিয়ন্ত্রণকারী কর্মকর্তার প্রত্যয়নের ভিত্তিতে শুধুমাত্র সেদিনের জন্য ৪০০/- (চারশত) টাকা মজুরী পাবেন। এক্ষেত্রে কোন ভাতা, বোনাস পাবেন না।

**চলমান পাতা-০২**

০৫। অনুমতিপ্রাপ্ত নিরাপত্তা প্রহরীর নিজ নামে ব্যাংকে একটি হিসাব নম্বর থাকবে এবং তাতে মাসিক ভিত্তিতে মোট মজুরী প্রদান করা হবে।

০৬। পুলিশ প্রশাসন কর্তৃক প্রাক- পরিচয় যাচাই করা হবে। পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না হলে/ কোন প্রকার তথ্য গোপনের সত্যতা পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে তার কাজের অনুমতিপত্র বাতিল করা হবে।

০৭। অনুমতি প্রদানের সময় কোন রেজিস্টার্ড চিকিৎসক/পবিসের রিটেইনার চিকিৎসক দ্বারা শারীরিক সুস্থতার সনদপত্র দাখিল করতে হবে।

০৮। অনুমতি প্রদানের সময় নিরাপত্তা কর্মী কর্তৃক নিরাপত্তা জামানত হিসেবে ১০,০০০/- (দশ হাজার) টাকা জমা প্রদান করতে হবে। যা সন্তোষজনক সেবা প্রদান শেষে সমিতি কর্তৃক ফেরৎ প্রদান করা হবে।

০৯। অনুমতি প্রাপ্ত প্রত্যেক নিরাপত্তা কর্মীকে পবিস কর্তৃক ইউনিফর্ম (প্যান্ট, শার্ট, জুতা, টুপি) ও অন্যান্য সরঞ্জাম (বাঁশি, টর্চ, লাঠি, ছাতা) সরবরাহ করা হবে।

১০। প্রার্থীকে বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর যেকোন ইনডোর উপকেন্দ্র বা সুইচিং স্টেশনের নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে নিরাপত্তা কর্মী হিসেবে নিয়োজিত থাকতে সম্মত হতে হবে।

১১। অবাধ্যতা, অননুমোদিত অনুপস্থিতি, অযোগ্যতা, অসদাচরণ বা দুর্নীতির দায়ে দোষী হলে তাৎক্ষণিক তার সেবা গ্রহণ বন্ধ করা হবে।

১২। প্রতারণা মূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দেওয়া হলে অথবা কোন তথ্য গোপন রাখলে তাৎক্ষণিকভাবে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

১৩। খামের উপর প্রার্থীর পদের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে।

১৪। এ ধরণের অস্থায়ী ভিত্তিতে নিয়োগ ভবিষ্যতে কোন ক্রমেই স্থায়ী করা হবে না বা প্রার্থীর এ বিষয়ে কোন দাবী গ্রহণযোগ্য হবে না। কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী যতদিন প্রয়োজন ততদিন "দৈনিক মজুরী" ভিত্তিতে কাজ করার অনুমতি বলবৎ থাকবে।

১৫। যেকোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে অনুমতি হতে অব্যাহতি প্রদান করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে এবং শর্তাবলীতে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬। বাছাই/নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। নির্বাচনী পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

১৭। অসম্পূর্ণ/ ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী বাছাই/নির্বাচন/ অনুমতিপত্র প্রদান সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ মোনোয়ারুল ইসলাম ফিরোজী)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

**অনুলিপিঃ-** (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ)

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা (উঃঅঃ)/ মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিষ্ট,আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৪। একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়, বাপবিবোর্ড, ঢাকা।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার------------------------পবিস-১/২/৩/৪ ।
০৬। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, বগুড়া।
০৭। ডিজিএম, সদর দপ্তর (কারিগরী)/মোকামতলা/কাহালু/দুপচাঁচিয়া/নন্দীগ্রাম), জোনাল অফিস, বগুড়া পবিস-১।
০৮। এজিএম, পীরব সাব- জোনাল অফিস, বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-১।
০৯। এজিএম (প্রশাসন/অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/ইএন্ডসি/ওএন্ডএম/সদস্য সেবা), বগুড়া পবিস-১।
১০। এজিএম, আইটি-১/২, বপবিস-১ (অত্র পবিস'র ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ)।
১১। নোটিশ বোর্ড/ওয়েব সাইট, বগুড়া পবিস-১।
১২। অফিস কপি/মাস্টার কপি।

(মোঃ মোনোয়ারুল ইসলাম ফিরোজী)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)